

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৬.১৮.০০১.১৭.২৭

তারিখ: ২৬ মাঘ ১৪২৮

০৯ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত সহজিকৃত 'DoICT Online Support Ticketing System' সেবাটি ব্যবহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা (২০২১-২০২২) এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সহজিকৃত 'DoICT Online Support Ticketing System' নামক সিস্টেম সফটওয়্যার (<http://www.sohayota.xyz/>) প্রস্তুত করা হয়েছে। উক্ত সেবাটি সহজিকৃত হওয়ায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ডি-সেট সেন্টার, নথি, ওয়েব পোর্টালসহ বিভিন্ন অনলাইন ভিত্তিক সেবার কারিগরি সহায়তায় অনলাইন সাপোর্ট টিকেটিং সিস্টেমের মাধ্যমে এক প্ল্যাটফর্ম থেকে সকল সেবা প্রদান সম্ভব হবে। যারফলে ই-গভর্ন্যান্স প্রতিষ্ঠায় অর্থাৎ ডিজিটাল ব্যবস্থা প্রচলনের ফলে সরকারি সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার পাশাপাশি সরকারি সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভবপর হচ্ছে। উল্লেখ্য, সরকারি সেবায় গতিশীলতা আনয়ন, সেবার মান বৃদ্ধি, উদ্ভাবন চর্চা এবং এর প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে ইতোমধ্যে উক্ত সহজিকৃত সেবাটির পাইলটিং কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার- এ সম্পন্ন হয়েছে।

এমতাবস্থায়, সেবা সহজিকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত 'DoICT Online Support Ticketing System' সহজিকৃত সেবাটি আইসিটি অধিদপ্তরের মৌলভীবাজার জেলা কার্যালয়সহ অন্যান্য জেলা এবং উপজেলায় অবস্থিত সরকারি বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয়পূর্বক সম্ভাব্য ক্ষেত্রে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১। (<https://doict.nothi.gov.bd/noteDetail/183782/showPetroAttachment/29386>) বিদ্যমান ও প্রস্তাবিত প্রসেস ম্যাপ (2108/potrojariAttachmentRef/29399/0/58)।

২। সেবা সহজিকরণের বিস্তারিত বিবরণ (2147/potrojariAttachmentRef/29399/0/58)।

R. M. Jahan

১৩-২-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

১) প্রোগ্রামার (জেলা) সকল

২) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

তারিখ: ২৬ মাঘ ১৪২৮

০৯ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল গভর্নেন্স শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৫) নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৬) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৩-২-২০২২

ড. ভেনিসা রডিক্স
পরিচালক